স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(০১)/২০২৬-৯৬৪ তারিখ: ১৯-১১-২০২৬ ইং

কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (https://acas.edu.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা ঃ

ক্রম নং	বিশ্ববিদ্যালয়ের নাম	আসন সংখ্যা
১.	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	১০৬৬
২.	গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর	৫১০
৩.	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	৭০৫
৪.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৪৭৩
৫.	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	২৭৫
৬.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট	৪৩১
৭.	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা	১৫০
৮.	হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ	৯৯
৯.	কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম	৮৬
	সর্বমোট =	**৩৭৯৫**

২। আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

ক) ২০২২/২০২৩/২০২৪ সালে এসএসসি/সমমান এবং ২০২৫/২০২৬ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে। ২০২৫ সালে এসএসসি/সমমান মানোন্নয়ন পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।

গ) O এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষার অন্তত ৫ টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়সহ উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে। এক্ষেত্রে A ও B গ্রেডের জন্য যথাক্রমে ৫ ও ৪ জিপিএ গণনা করা হবে।

ঘ) শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান মুক্তিযোদ্ধা কোটায় (৩%) এবং প্রকৃত উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীরা উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটায় (১%) এবং প্রতিবন্ধীরা প্রতিবন্ধী কোটায় (১%) আবেদন করতে পারবে।

কোটায় আবেদনের ক্ষেত্রে কোটার নির্ধারিত স্থানে টিক চিহ্ন (√) দিতে হবে এবং নিম্নবর্ণিত কাগজপত্র অনলাইনে আপলোড (সর্বোচ্চ 2MB এর PDF ফরম্যাট) করতে হবে ঃ

- মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি।
- উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের কপি।
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত প্রত্যয়নপত্রের কপি জমা দিতে হবে।

৩। আবেদনের সময়সীমা ও আবেদন ফি ঃ

ক) আবেদন গ্রহণের সময়সীমা ২৫-১১-২০২৬ ইং থেকে ১৫-১২-২০২৬ ইং তারিখ পর্যন্ত।

খ) আবেদন ফি অফেরতযোগ্য ১৬০০/- (এক হাজার ছয়শত) টাকা মাত্র (ট্রানজেকশন চার্জ ব্যতীত) অনলাইন ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড-এর যে কোন একটির মাধ্যমে প্রদান করা যাবে।

CamScanner

৪। **ভর্তি পরীক্ষার কেন্দ্র এবং কেন্দ্র-পছন্দক্রম নির্ধারণ ঃ**

ক) ভর্তি পরীক্ষা কেন্দ্র ৯ (নয়) টি যথা ঃ (১) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; (২) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর; (৩) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা; (৪) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী; (৫) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম; (৬) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট; (৭) খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা; (৮) হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ এবং (৯) কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম। এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক উপকেন্দ্র থাকবে।

খ) পরীক্ষা কেন্দ্রসমূহের তালিকা অনুযায়ী আবেদনকারীকে ১ থেকে ৯ পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রম উল্লেখ করতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীর পছন্দক্রম এবং আবেদন ফি প্রদানের তারিখ ও সময়ের অগ্রাধিকার ভিত্তিতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে।

৫। **লিখিত নির্বাচনী পরীক্ষা ঃ**

ক) MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা আগামী **০২ জানুয়ারী ২০২৭ ইং শনিবার** বেলা **১১.০০ টা থেকে ১২.০০ টা** পর্যন্ত উপরোক্ত ৯ (নয়) টি কেন্দ্রে ও প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক উপকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

খ) ২০২৬ সালের এইচএসসি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী (ইংরেজি ১০, প্রাণিবিজ্ঞান ১৫, উদ্ভিদবিজ্ঞান ১৫, পদার্থবিজ্ঞান ২০, রসায়ন ২০ এবং গণিত ২০ নম্বর) প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ (এক) নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

৬। **ফলাফল প্রস্তুত ঃ**

মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয়সহ) এর ভিত্তিতে ২৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয়সহ) এর ভিত্তিতে ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করে মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

৭। **ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলি ঃ**

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য https://acas.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষা এবং ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদন ও ভর্তি সংক্রান্ত যে কোন সমস্যার সম্মুখীন হলে ই-মেইলে (support@acas.edu.bd) যোগাযোগ করতে হবে।

বিদ্র. ঃ কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের চাহিদার প্রেক্ষিতে আসন সংখ্যা পরিবর্তন হতে পারে।

রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা
ও
সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি
কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৬-২০২৭

CamScanner